

# নিজের ভুল থেকে শিক্ষা নিতে পারলে জীবনটাই বদলে যাবে ।

## মোহাম্মদ আজহারুল ইসলাম

সফলতা আর ব্যর্থতা মিলিয়েই সবার জীবন। তাই বলে আপনি বার বার ভুল করবেন আর সেই ভুল থেকে শিক্ষা নিবেন না সেটা তো নয়! আপনাকে খুঁজে বের করতে হবে কোথায় আপনার ভুল হচ্ছে। কেননা ভুল থেকেই মানুষ শিক্ষা নেয়। আর সেই শিক্ষা পরবর্তীতে বদলে দেয় তাঁর জীবন। চেষ্টা করুন ভুল শোধরানোর আর সেই ভুল হতে শিক্ষা নিয়ে বদলে ফেলুন আপনার জীবন। আপনি যতো দ্রুত ভুল থেকে শিক্ষা নিতে পারবেন ততোই আপনার জন্য তা মঙ্গলজনক ।

### ১) নিজের উপর আস্থা রাখুন

জীবন আপনার অন্য কারো নয়। আপনার সিদ্ধান্ত আপনাকেই নিতে হবে। অনেক সময় চোখের সামনে ঘটে যাওয়া কোনো বিষয়ে আপনি সিদ্ধান্তহীনতায় পড়েন। একটু ভেবে দেখুন আপনার নিজের সন্থা থেকে যে চিন্তা আসে তা অনেকাংশেই সঠিক। নিজের সিদ্ধান্ত নিজে নিন। নিজের উপর আস্থা রাখুন। আপনি যা করছেন সেটাতে সফল হবেন। কান কথা নয়, নিজেকে বিশ্বাস করে সামনের দিকে এগিয়ে যান সফলতা আপনাকে ধরা দিবেই।

### ২) নিজেকে সময় দিন

আমরা তখনই ভুল করি যখন নিজেকে অবহেলা করি। কারো সঙ্গে নিজের তুলনা নয়! আপনি অন্যদের থেকে আলাদা এটা বুঝতে শিখুন। যদি নিজেকে অন্যদের সাথে তুলনা করেন তাহলে আপনার মধ্যে কি আছে। হয়ত আপনি সমসময় অন্যকে নিয়ে ব্যস্ত থাকেন কিন্তু কখনো কি ভেবেছেন যাকে নিয়ে আপনি দিন-রাত ব্যস্ত থাকেন। সেই ব্যক্তি কি আপনাকে নিয়ে বিন্দু মাত্র সময় নষ্ট করে। অর্থাৎ নিজেকে সময় দিন। নিজের চাওয়া পাওয়াকে মূল্যায়ন করেন। যে কোনো কিছু করার আগে সময় নিন আর সময়কে যথার্থ মূল্য দিতে চেষ্টা করুন ।

### ৩) ভুল মানুষের পেছনে সময় নষ্ট করা উচিত নয়

যে মানুষটি আপনার বুদ্ধিমত্তা এবং আপনার কাজের মূল্যায়ন করে না তার পেছনে সময় ব্যয় করে ফলাফল আশা করা বোকামী ছাড়া অন্য কিছু নয়। কিন্তু যার আপনার কাজের ধরণ এবং কাজ সম্পর্কে কোনো ধারণাই নেই তাকে বুঝিয়ে, তার পেছনে সময় ব্যয় করার কোনো অর্থ নেই। তাই ভুল মানুষের পেছনে সময় নষ্ট করবেন না। মনে রাখবেন সময়ের মূল্য অনেক বেশি।

### ৪) যা হওয়ার নয় সেটা চেষ্টা করবেন না

আপনি হয়ত ভাবছেন এটা করলে জীবনটা অনেক বেশি সুখের হবে। কারণ কোনো জিনিস যখন না হয় তখন নিশ্চয়ই তার পেছনে অন্য কোনো কারণ থাকে। আপনি শত চেষ্টা করলেও আপনার পরিশ্রম সেখানে বৃথা যাবে। কেননা ইচ্ছার জোরে সব কিছু হয় না। আপনাকে বুঝতে হবে আপনি কেনো ব্যর্থ হচ্ছেন। কিছু জিনিস যা কখনোই হওয়ার নয় তা হবেই না আপনার শত চেষ্টাতেও। বুঝে নিন যা হচ্ছে না সেটা আপনার ভালোর জন্যই হচ্ছে না।

অতএব ভুল থেকেই মানুষ শিক্ষা নেয়। আর সেই শিক্ষা পরবর্তীতে বদলে দেয় তাঁর জীবন। সুতরাং নিজের ভুল শোধরানোর আর সেই ভুল হতে শিক্ষা নিয়ে বদলে ফেলুন আপনার জীবন। আপনি যতো দ্রুত ভুল থেকে শিক্ষা নিতে পারবেন ততোই আপনার জন্য তা মঙ্গলজনক ।